LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

বিশিষ্ট সমাজকর্মী ও প্রতিষ্ঠানবিরোধী আন্দোলনের অন্যতম ব্যক্তিত্ব মেধা পাটকর-এর কারাদণ্ড ও জরিমানার তীব্র নিন্দা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএসের রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০২.০৭.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"২৩ বছর আগের একটি মানহানি মামলায় সমাজকর্মী মেধা পাটকরকে সোমবার দোষী সাব্যস্ত করেছে দিল্লির একটি আদালত। তাঁকে ৫ মাসের কারাদণ্ড ও ১০ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই রায়ের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমাদের আশঙ্কা, কেন্দ্র সরকারের জনবিরোধী নীতির তীব্র বিরোধী মেধা পাটকার-এর ওপরে প্রতিহিংসা চরিতার্থ করার জন্যই এই রায়।

২০০০ সাল থেকে আইনি লড়াই চলছিল মেধা এবং ভি কে সাক্সেনার মধ্যে। নর্মদা নদীতে বাঁধ দেওয়ার বিরুদ্ধে যে আন্দোলন, তার বিরোধিতা করে একটি বিজ্ঞাপন প্রকাশ করে সাক্সেনার সংগঠন 'ন্যাশনাল কাউন্সিল অফ সিভিল লিবার্টিজ়'। পাল্টা প্রেস বিবৃতি জারি করেন মেধা পাটকর। সে সময় মেধার বিরুদ্ধে এই মানহানির মামলা করেন ভি কে সাক্সেনা। ঘটনাচক্রে তিনিই এখন দিল্লির উপরাজ্যপাল। যিনি সম্প্রতি লেখিকা অরুন্ধতী রায়ের বিরুদ্ধে একটি মামলায় ইউএপিএ যুক্ত করার অনুমতি দিয়েছেন।

ফলে ক্ষমতার জোরে উপরাজ্যপাল বিচারকে প্রভাবিত করছেন কিনা, আজ এই প্রশ্ন ওঠা অস্বাভাবিক নয়। বর্তমান সরকারের আমলে বারবার এই প্রশ্ন উঠছে, যার ফলে বিচারব্যবস্থার প্রতি সাধারণ মানুষের আস্থা ভঙ্গুর হয়ে যাচ্ছে। বিচারব্যবস্থার নিরপেক্ষতা নিয়ে জনমনে কোনো প্রশ্ন দেখা দিলে, তা নিরসন করার দায়িত্ব বিচারবিভাগের। আশা করি, ভারতবর্ষের বিচারবিভাগ সেই দায়িত্ব পালন করবেন।"

সংবাদদাতা
রাজীব সিকদার
অফিস সম্পাদক